

Snapchat ব্যবহারের জন্য মা-বাবা এবং অভিভাবকদের একটি গাইড

ভিতরে কি আছে?



Snapchat-এর বৈশিষ্ট্যগুলি



বহু প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী সাধারণ প্রশ্নগুলি



সুরক্ষিত ও ভাল থাকার সম্পদ



Snap inc. এ কর্মরত মা-বাবার তরফ থেকে একটি চিঠি

প্রিয় মা-বাবা এবং অভিভাবক,

আপনার কিশোর বা কিশোরী সন্তানটি একটি Snapchat আ্যাকাউন্ট তৈরি করেছে। এখন কী হবে? আপনি দ্বিধাগ্রস্ত। আপনার ছেলে বা মেয়ে কেন এমন একটা অ্যাপ্লিকেশন ব্যবহার করতে চায় যেখানে তাদের বেশিরভাগ কনটেন্ট ডিফল্টভাবে মুছে যায়? সামাজিক প্ল্যাটফর্মগুলি ক্রমাগত পরিবর্তিত হচ্ছে এবং আমরা বুঝি যে এর সাথে তাল রাখা কঠিন ব্যাপার। প্রশ্ন এবং উদ্বেগ থাকা স্বাভাবিক, এবং আমরা আশা করি যে আপনি এই গাইডটি Snapchat সম্পর্কে শিখতে এবং আপনার কিশোর/কিশোরী সন্তানকে শিক্ষিত ও ক্ষমতায়ন করার একটি টুল হিসাবে সহায়ক বলে মনে করবেন।

আমরা বুঝি যে আপনি এ বিষয়ে নিশ্চিত হতে চান যে আপনার কিশোর/কিশোরী সন্তান আমাদের অ্যাপ্লিকেশনটি ব্যবহার করার সময় যেন ভালভাবে সুরক্ষিত এবং অবগত থাকে। আমাদের লক্ষ্য কিশোর-কিশোরীদের তাদের সৃজনশীলতা এবং নিজস্ব সত্তাকে প্রকাশ করার জন্য একটি মঞ্চ সরবরাহ করা। অপরিচিত নয়, ঘনিষ্ঠ বন্ধুদের সাথে যোগাযোগ রাখার মজাদার উপায় হিসাবে অ্যাপটি তৈরি করা হয়েছিল বলে Snapchat গতানুগতিক সোশ্যাল মিডিয়ার থেকে আলাদা।

"আমার কিশোর/কিশোরী সন্তান কেন এমন অ্যাপ্লিকেশন ব্যবহার করতে চায় যেখানে তাদের বেশিরভাগ কনটেন্ট ডিফল্টভাবে মুছে দেওয়া হয়?" অন্যান্য প্ল্যাটফর্মগুলির বিপরীতে, আমরা সর্বজনীনভাবে মন্তব্য করার অনুমতি দিই না, এবং আমাদের ডিফল্ট সেটিংস-এর অর্থ হল একজন Snapchatter কেবল সেই ব্যক্তির বার্তাগুলিই পাবে যাদের সে বন্ধু হিসাবে যুক্ত করেছে।

বন্ধুদের সাথে কথা বলার বাইরেও পরিবারেরও নিজেদের মধ্যে যোগাযোগ বজায় রাখার জন্য Snapchat দুর্দান্ত। Snapchat আপনাকে মজাদার এবং হালকাভাবে যোগাযোগ তৈরি করার জন্য আপনার সৃজনশীলতাকে ব্যবহার করতে সহায়তা করে! একে অপরের সাথে মজা করার জায়গা এটি (কি করতে হবে তার তালিকা বা থালা বাসন ধোয়ার জন্য রিমাইন্ডার দিয়ে আপনাকে উদ্বিগ্ন করা নয়)। পরিবর্তে, আপনি মজাদার ফটো পাঠানো এবং এই মুহুর্তটিকে প্রাণবন্ত করে তুলে (আপনার ক্যামেরা রোলটি আটকে না রেখে!) বেঁচে থাকার সুযোগ পান। আপনার কিশোর/কিশোরী যখন স্কুলে তখন আপনার পরিবারের পোষ্যটির ফটো নেওয়ার জন্য Snapchat ব্যবহার করুন বা আপনার কিশোর/কিশোরী সন্তানকে হাসাতে আমাদের লেন্সগুলি যুক্ত করুন!

আমরা বুঝি যে যোগাযোগের সুবিধার্থে ব্যবহার করা যে কোনও অ্যাপ্লিকেশনকে অপব্যবহার করার সম্ভাবনা থেকেই যায়, এ কারণেই আমরা আমাদের প্ল্যাটফর্মকে সুরক্ষিত রাখতে, যথেষ্ট সময়, সংস্থান এবং শক্তি নিয়োগ করি এবং করে যেতে থাকব। অ্যাপ্লিকেশন-মধ্যবর্তী অভিযোগ জানানোর ব্যাপক ব্যবস্থা, আমাদের কমিউনিটির নির্দেশিকা এবং বহু ধরণের সক্রিয় সুরক্ষা অংশীদারিত্ব-এর সাহায্যে আমরা আমাদের কিশোর-কিশোরীদের আস্বস্ত করতে পারি যে তাদের নিরাপত্তা আমাদের অগ্রাধিকার। মা-বাবা-দের জন্য এই গাইডটি আমরা তৈরি করেছি আপনাকে অতিরিক্ত তথ্য সরবরাহ করার জন্য যা আপনাকে এবং আপনার পরিবারকে নিরাপদে নিজেকে প্রকাশ করার জন্য, মুহুর্তটিকে উপভোগ করে বাঁচতে পারার জন্য, বিশ্ব সম্পর্কে জানার জন্য এবং এক সাথে মজা করার জন্য ক্ষমতা দেয়। আমরা আশা করি আপনার কিশোর-কিশোরী সন্তানটি অনলাইনে কী করছে সে সম্পর্কে তাদের সাথে খোলামেলা ও সৎ কথা-বার্তা চালিয়ে যাওয়ার জন্য এটিকে সহায়ক বলে মনে করবেন।

মনে রাখবেন, আমরা আপনার এবং আপনার কিশোর/কিশোরী সন্তানের জন্যই এখানে রয়েছি!

- Snap.inc এ কর্মরত যে মা-বাবা রয়েছেন





সূচীপত্ৰ

3

Snapchat কী?

4

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী 6

মুখ্য বৈশিষ্ট্যগুলি

আমাদের গোপনীয়তার নীতিসমূহ 8

কার্যকরী সুরক্ষা টিপস 9

ভাল থাকার সম্পদ 10

আপনার কিশোর/কিশোরী সন্তানের সাথে Snapchat নিয়ে কীভাবে কথা বলবেন



Snapchat 101 Snapchat की?



মা-বাবা বা শিক্ষক হিসাবে, আপনি হয়ত জানেন যে মেসেজ পাঠানো এবং ক্যামেরা অ্যাপ্লিকেশন হিসাবে Snapchat ব্যবহার কিশোর-কিশোরীদের মধ্যে আজকাল তাদের বন্ধুদের সাথে যোগাযোগের অন্যতম উপায়গুলোর মধ্যে একটি। প্রথম থেকেই, আমরা দূরে থাকা প্রকৃত বন্ধুদের মধ্যে সংযোগ স্থাপন এবং সেই মুহুর্তটিতে যাতে নিজেকে তারা স্বচ্ছন্দে প্রকাশ করতে পারে সেদিকে মনোনিবেশ করেছি। মানুষ তাদের ক্যামেরা ব্যবহার করে যাতে স্বচ্ছন্দে নিজেকে প্রকাশ করতে পারে তার একটি টুল হিসাবে Snapchat তৈরি করা হয়েছিল।

Snapchat-কে ইচ্ছাকৃতভাবে গতানুগতিক সোশ্যাল মিডিয়াগুলির চেয়ে এমনদিক থেকে আলাদাভাবে তৈরি করা হয়েছে, যা এটিকে আমাদের কমিউনিটির জন্য আরও নিরাপদ করে তুলেছে। আমরা Snapchat এবং অন্যান্য প্ল্যাটফর্মগুলির যথাযথ ব্যবহার সম্পর্কে মা-বাবা এবং সন্তানের মধ্যে নিয়মিত কথা-বার্তা হওয়াকে উৎসাহ দেওয়ার জন্যই আমরা এই গাইডটি তৈরি করেছি।



বহু জিজ্ঞাসিত সাধারণ প্রশ্নগুলি -

আমাদের ক্যামেরার মাধ্যমে, টেক্সট মেসেজ সীমাবদ্ধতা অতিক্রম করে, আমাদের সৃজনাত্মক সরঞ্জামগুলি ব্যবহার করে একটিমাত্র Snap-এর মাধ্যমে আরও অনেক কথা বলতে পারার বিষয়টি সম্ভব করে আমরা মানুষের কাছে নিজেকে প্রকাশ করার একটি উপায় হাজির করেছি। Snapchat-এ, আপনার কাছে যারা সবচেয়ে মূল্যবান তাদের সাথে আপনি স্বাভাবিক থাকতে পারেন। আপনার সর্বাধিক জিজ্ঞাসিত সাধারণ প্রশ্নগুলির উত্তর এখানে দেওয়া হল:

🚺 অ্যাপটি কীভাবে কাজ করে?

আপনি কোনও অ্যাকাউন্টে সাইন আপ করার পরে এবং আপনার Bitmoji তৈরি করার পরে, এক্সপ্লোর করা শুরু করে দিতে পারেন! Snapchat-এ 5 টি ট্যাব রয়েছে (বাম থেকে ডানে): মানচিত্র, চ্যাট, ক্যামেরা, গল্প এবং স্পটলাইট। Snapchat ক্যামেরায় খোলে।









কোনও ফটো তোলার জন্য ক্যামেরা আইকনটিতে কেবল ট্যাপ করুন বা একটি ভিডিও তুলতে ধরে রাখুন। আপনি বন্ধুদের কাছে "Snaps" নামে ফটো বা ভিডিও পাঠাতে পারেন, যা অপরিচিতদের কাছ থেকে সহজে বার্তা পাঠানোর সুবিধার্থে ডিজাইন করা হয়নি। আপনি যখন প্রথম কোনও অ্যাকাউন্ট তৈরি করেন, তখন ডিফল্টভাবে, আপনি যাকে বন্ধু হিসাবে যোগ করেন নি তার কোনও বার্তা পাবেন না।



আপনি কার সঙ্গে জিনিসপত্র শেয়ার করবেন, কীভাবে করবেন এবং সেগুলি Snapchat-এ কতক্ষণ ধরে দেখা যাবে এই সবই আপনার নিয়ন্ত্রণে।

2 আমাকে Snaps সম্পর্কে আরও বলুন?

বাস্তব জীবনের কথোপকথনের মতোই দ্রুত এবং সহজ যোগাযোগের জন্য Snapগুলি তৈরি! এ কারণেই যখন আপনি কোনও বন্ধুর কাছে Snap পাঠান, তখন Snap ডিফল্টভাবেই মুছে যায়, ঠিক যেভাবে কথা বলা শব্দের ক্ষেত্রে হয়। আমরা বিশ্বাস করি ঠিক এইজন্যেই প্রতিদিন Snapchat জুড়ে সত্যিকারের কথোপকথন চলতে থাকে।

মনে রাখবেন, Snapগুলি ডিফল্টভাবে মুছে যাওয়ার জন্য ডিজাইন করা হলেও, বন্ধুরা এর পরও স্ক্রিনশট নিতে পারে, স্ক্রিনটি রেকর্ড করতে পারে বা অন্য একটি ডিভাইস ব্যবহার করে এটি ক্যাপচার করতে পারে।



3 Snap-এর সুরক্ষা মানকগুলি কী কী?

Snapchat-এর সমস্ত ব্যবহারকারীকে অবশ্যই Snap-এর পরিষেবার শর্তাবলী এবং কমিউনিটির নির্দেশিকামেনে চলতে হবে, যা ঘৃণাত্মক বক্তব্য, বৈষম্য, ভুল তথ্য, ধমকানো, হয়রানি, হিংসাত্মক বিষয়বস্তু এবং আরও অনেক কিছুকে নিষিদ্ধ করে। Snap-এ এই নীতিগুলি তৈরি এবং বলবৎ করার জন্য নিবেদিত একটি দল রয়েছে।

আমরা কীভাবে আমাদের ব্যবহারকারীদের সুরক্ষা দিই সে সম্পর্কে আরও জানতে, আমাদের <u>গোপনীয়তা কেন্দ্রটি দেখুন</u>।

4 অ্যাকাউন্ট তৈরি করার জন্য কি কোনও বয়সসীমার প্রয়োজন আছে?

হ্যাঁ। 13 বছরের কম বয়সী কারোর অ্যাকাউন্ট তৈরি বা Snapchat ব্যবহার করার অনুমতি নেই এবং আমরা 13 বছরের কম বয়সী কারও কাছে আমাদের পরিষেবাগুলি দিই না। যদি আপনার একজন 13 বছরের কমবয়সী সন্তান Snapchat ব্যবহার করে, আমাদের কাছে অবশ্যই আপনার সন্তানের ইউজারনেম এবং আপনার সঙ্গে সম্পর্কের যাচাই করার প্রমাণপত্র দিয়ে যোগাযোগ করুন।



5 আমি কীভাবে আমার কিশোর/কিশোরী সন্তানকে Snapchat-এ সুরক্ষিত থাকতে সাহায্য করতে পারি?

Snapchat ইচ্ছাকৃতভাবে পুরোনো সোশ্যাল মিডিয়ার থেকে আলাদাভাবে তৈরি করা হয়েছে—এমন উপায়ে যা এটিকে আমাদের কমিউনিটির জন্য আরও নিরাপদ করে তুলেছে। Snapchatটি বন্ধু এবং প্রিয়জনদের সাথে সংযোগ স্থাপন এবং যোগাযোগের স্থান, তবে কীভাবে সুরক্ষিত থাকবেন তা জানা গুরুত্বপূর্ণ। আমাদের নীতি, আমাদের টিম সম্পর্কে আরও জানতে এবং মা-বাবা এবং শিক্ষকদের তথ্যের জন্য, আমরা জোরালোভাবে আমাদের নিরাপত্তা কেন্দ্রটি পরিদর্শন করার পরামর্শ দিই। আপনার কিশোর/কিশোরী সন্তানের জন্য কয়েকটি সুপরামর্শগুলির মধ্যে রয়েছে: একটি শক্তিশালী পাসওয়ার্ড তৈরি করা, তাদের ইমেল এবং মোবাইল নম্বর যাচাই করা, কেবলমাত্র তাদের বাস্তব জীবনের পরিচিত লোকের কাছ থেকে বন্ধুত্বের অনুরোধ গ্রহণ করা এবং আমাদের কমিউনিটির নির্দেশিকাগুলি পড়া যাতে তারা তাদের বন্ধুদেরও এই পথ অনুসরণ করতে সহায়তা করতে পারে!

"বাস্তব জীবনে আপনার পরিচিত তেমন লোকদের কাছ থেকেই কেবলমাত্র বন্ধুত্বের অনুরোধ গ্রহণ করুন।"




6 আমি কীভাবে সুরক্ষা সংক্রান্ত বিষয় নিয়ে একটি রিপোর্ট করব?

আমরা আমাদের কমিউনিটির জন্য অ্যাপ্লিকেশন-মধ্যবর্তী অভিযোগ এবং অফ-প্ল্যাটফর্ম প্রতিক্রিয়া জানানোর মাধ্যমে অনুপযুক্ত ব্যবহারকারী এবং বিষয়বস্তু শনাক্তকরণের জন্য <u>যোগাযোগ</u> করাটিকে সহজ করে দিয়েছি। ব্যবহারকারীরা অ্যাপ্লিকেশন-মধ্যবর্তী রিপোর্টিং ব্যবস্থা, আমাদের সহায়তা পোর্টাল এবং <u>Snapchat সহায়তা</u> <u>Twitter</u>অ্যাকাউন্টের মাধ্যমে যে কোনও বিষয়বস্তু সম্পর্কে অভিযোগ জানাতে পারে। আমরা Snapchat উন্নত করতে আমাদের কমিউনিটির নির্দেশিকা এবং সামগ্রিক মতামত অনুসারে পদক্ষেপ নিই।

দ্রষ্টব্য: আপনি যদি মনে করেন যে কেউ *তাৎক্ষণিকভাবে* বিপদে পড়েছে, সঙ্গে সঙ্গে আপনার স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার সাথে যোগাযোগ করুন।



আমরা কার্যকরী গাইডলাইন তৈরি করতে, আমাদের Snapchatter-দের রক্ষা করতে এবং সৃজনশীলতা এবং আত্ম-প্রকাশের জন্য একটি নিরাপদ, মজাদার পরিবেশ সরবরাহের দিকে মনোনিবেশ করি। যদি আপনার কিশোর/কিশোরী সন্তানটি কখনও অসুরক্ষিত অনুভব করে, তাহলে তাদের সর্বদা এটি আমাদের জানানো উচিত।





Snapchat কীভাবে ব্যবহার করবেন মুখ্য বৈশিষ্ট্যগুলি

অ্যাপটি নেভিগেট করতে আপনাকে সহায়তা করার জন্য, নীচে Snapchat-এর প্রাথমিক কয়েকটি বিষয় দেখে নিন। বৈশিষ্ট্যগুলির একটি সম্পূর্ণ তালিকার জন্য, 12-পৃষ্ঠায় আমাদের Snap শব্দভান্ডারটি দেখুন।

প্রথম বিষয় প্রথমে: Snapchat-এ শুধুমাত্র ফটো ও ভিডিও বার্তা পাঠানো ছাড়াও অনেক কিছু আছে। অ্যাপটিতে 5 টি ট্যাব রয়েছে (বাম থেকে ডান দিকে): Snap মানচিত্র, চ্যাট, ক্যামেরা, গল্প এবং স্পটলাইট।












🧿 Snap মানচিত্ৰ:


Snap মানচিত্র আমাদের কমিউনিটিকে তাদের প্রিয় বন্ধু এবং বিশ্বের বিভিন্ন জায়গার সাথে সংযুক্ত করে। আমাদের সমস্ত প্রোডাক্টগুলির মতোই, Snap মানচিত্রটিও গোপনীয়তাকে অগ্রাধিকার দিয়ে তৈরি করা হয়েছিল এবং সমস্ত ব্যবহারকারীর জন্য অবস্থান শেয়ার করে নেওয়া ডিফল্টভাবে বন্ধ রয়েছে। কোনও Snapchatter যখন প্রথমবারের জন্য Snap মানচিত্র খুলবে, তখন তারা কাদের সাথে তাদের অবস্থান শেয়ার করতে চাইবে তা নির্বাচন করার

শেরার করতে চাহবে তা নিবাচন করার
অনুরোধ জানানো হবে - তা তাদের সমস্ত
বন্ধু, বেছে নেওয়া কয়েকজন বা কেউই নয়
(ভুতুড়ে মোড) হতে পারে। Snap মানচিত্রের
স্থানগুলি Snapchatterদের দোকানবাজারের সময় এবং পর্যালোচনাগুলি
দেখায়, সেখান থেকে জিনিষপত্র কেনা এবং
ডেলিভারির অর্ডার দেওয়ার সুযোগ করে
দেয়।



🔲 চ্যাট করুন:

প্রথম থেকেই, আমরা আলাদা জায়গায় থাকা প্রকৃত বন্ধুদের নিজেদের মধ্যে সংযোগ স্থাপন করতে সহায়তা করা এবং জীবনের সেই মুহুর্তটিতে যাতে তারা স্বচ্ছন্দে নিজেকে প্রকাশ করতে পারে তার ওপর মনোনিবেশ করেছি। Snapchat ভিডিও, ফটো, অডিও এবং টেক্সট চ্যাটগুলির পাশাপাশি ফোন এবং ভিডিও কল করারও সুযোগ দেয়। বার্তাগুলি ডিফল্টভাবে মুছে ফেলা হয়, এবং কোনও ব্যবহারকারী যার সাথে তাদের এখনও বন্ধুত্ব হয়নি তাদের কাছ থেকে সরাসরি চ্যাট গ্রহণ করতে পারে না।



ি ক্যামেরা:

Snapchat স্বয়ংক্রিয়ভাবে ক্যামেরায় খোলে। এখানেই আপনি Snapগুলি - ভিডিও বা ফটো নিতে পারেন। একটি Snap তৈরি হওয়ার পরে এটি ফিল্টার, টেক্সট, স্টিকার, সংযুক্তি এবং আরও অনেকগুলি সৃজনাত্মক সরঞ্জামগুলির সাথে স্তরে স্তরে সাজাতে পারেন। একটি Snap:

- একটি চ্যাটে পাঠানো যেতে পারে
- মেমোরিজে সেভ করা যেতে পারে
- আমার গল্পে যুক্ত করা যেতে পারে বা একটি ব্যক্তিগত গল্প বা কাস্টম গল্প তৈরি করা হতে পারে
- 🔸 মুছে ফেলা যেতে পারে


Snapchat কখন Snap এবং চ্যাটগুলি মুছে ফেলবে সে সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য, অনুগ্রহ করে <u>এখানে</u>আমাদের সহায়তা নিবন্ধটি দেখুন। এই শর্তগুলি সম্বন্ধে আরো দেখতে 12 পৃষ্ঠা দেখুন!

<mark>৯০ গল্পগুলি</mark>:

এখানে Snapchatterরা তাদের বন্ধু, স্রষ্টা এবং বিস্তৃত Snapchat কমিউনিটির গল্পগুলি দেখতে পারেন! এখানেই আপনি Discover এবং "আপনার জন্য" বিকল্পের সাবস্ক্রিপশনগুলি দেখতে পারবেন।

স্পটলাইট:

Snapchat কমিউনিটির দ্বারা তৈরি করা সবথেকে বিনোদনমূলক Snap-গুলির ওপর স্পটলাইট আলো ফেলে। আপনার কন্টেন্টের মধ্যে ওপর-নিচ সোয়াইপ করে এক্সপ্লোর করুন। আপনি যদি এমন কিছু দেখতে পেয়ে থাকেন যেটা আপনি আরও দেখতে চান, এটাকে ফেভারিট করার জন্য হার্ট-এ ট্যাপ করুন এবং আপনার ফিডকে নিজের জন্য পছন্দসই করে তুলুন!








Snapchat-এ গোপনীয়তা আমাদের গোপনীয়তার নীতিসমূহ





Snap-এ, আমরা আপনার গোপনীয়তাকে অগ্রাধিকার দেই। আমরা জানি যে প্রতিবার আপনি Snapchat, বা আমাদের অন্য কোনও পণ্য ব্যবহার করেন আপনার আস্থা অর্জিত হয় -এজন্য আমরা অন্যান্য প্রযুক্তি সংস্থাগুলির তুলনায় আপনার তথ্যগুলির প্রতি অন্যধরণের মনোভাব দেখাই।

যদিও আমাদের পণ্যগুলি ক্রমাগত পরিবর্তিত হচ্ছে, আমাদের গোপনীয়তা নীতিগুলি অপরিবর্তিতই আছে:

- আমরা সৎভাবে ও খোলাখুলি কথাবার্তা বলি
- আপনি ঠিক করেন কীভাবে আপনি নিজেকে প্রকাশ করবেন
- আমরা গোপনীয়তার কথা মাথায় রেখেই ডিজাইন করি
- আপনার তথ্য আপনিই নিয়ন্ত্রণ করেন

আমরা কীভাবে আপনার গোপনীয়তাকে সবচেয়ে বেশি অগ্রাধিকার দিয়ে থাকি, সে সম্পর্কে আরও জানার জন্য, আমাদের <u>গোপনীয়তা কেন্দ্রটি</u> দেখুন, যেখানে আপনি আমাদের গোপনীয়তার আদর্শ, আমাদের গোপনীয়তা নীতিগুলি সম্বন্ধে আরও বিশদ বিবরণ পাবেন এবং গুরুত্বপূর্ণ বিষয়গুলির সংক্ষিপ্তসার জানতে চাইলে অনুগ্রহ করে আপনার গোপনীয়তা, ব্যাখ্যা করা হয়েছে পর্যালোচনা করুন।

Snapchat-এ নিরাপদ থাকা কার্যকরী সুরক্ষা টিপস

Snapchatটি বন্ধু এবং প্রিয়জনদের সাথে সংযোগ স্থাপন এবং যোগাযোগের স্থান, তবে কীভাবে সুরক্ষিত থাকবেন তা জানাও গুরুত্বপূর্ণ। আমরা আমাদের নীতি, আমাদের দল, এবং মা-বাবা এবং শিক্ষকদের জন্য তথ্য সম্পর্কে আরও জানতে আমাদের <u>সুরক্ষা কেন্দ্রটি</u> পরিদর্শন করার পরামর্শ দিই। মনে রাখবেন, Snapchat 13+ বছর বয়সের জন্য।

আমরা মানসিক স্বাস্থ্য বা মানসিক সংকটে ভুগছেন এমন Snapchatterদের বা এই বিষয়গুলি সম্পর্কে যারা আরও জানতে আগ্রহী এবং এর সঙ্গে যুজছে এমন বন্ধুদের তারা কীভাবে সহায়তা করতে পারে তার জন্য অ্যাপ-মধ্যবর্তী ব্যবস্থার মাধ্যমে সহায়তা করি। Snapchatterরা যখন উদ্বেগ, হতাশা, মানসিক চাপ, শোক, আত্মঘাতী চিন্তাভাবনা এবং হুমকির সাথে সম্পর্কিত কোনও বিষয় সার্চ করে তখন বিশেষজ্ঞদের দ্বারা তৈরি আমাদের Here For You টুলটি সেইসব সময়ে তাদের জন্য ভাল থাকার একটি সম্পদ ভান্ডার খুলে দেয়।

Snapchat-এ সুরক্ষিত থাকার জন্য এখানে কিছু টিপস দেওয়া হল!

বকটি শক্তিশালী পাসওয়ার্ড চয়ন করুন: একটি পাসওয়ার্ড নির্বাচন করুন যা কমপক্ষে ৪ টি অক্ষর দীর্ঘ এবং আপনার নাম, ইউজারনেম, ফোন নম্বর, বা জন্মদিনের মতো ব্যক্তিগত তথ্য অন্তর্ভুক্ত করে না। আপনার পাসওয়ার্ডে সংখ্যা, চিহ্ন এবং বড় হাতের এবং ছোট হাতের অক্ষরের মিশ্রণ অন্তর্ভুক্ত করুন। অন্যদের সাথে আপনার পাসওয়ার্ড ভাগ করবেন না এবং অন্য অ্যাপ্লিকেশন বা ওয়েবসাইটের জন্য একই পাসওয়ার্ড ব্যবহার করবেন না।

🙎 আপনার ইমেল এবং মোবাইল নম্বর যাচাই

কর্মন: আপনার অ্যাকাউন্টের সাথে সম্পর্কিত ইমেল ঠিকানা এবং মোবাইল নম্বরটি সঠিক কিনা তা Snapchat সেটিংস-এ গিয়ে যাচাই করুন

ত্ত্বি ক্যাক্টরের প্রমাণীকরণ সেট আপ করুন: আপনি যখন আপনার Snapchat অ্যাকাউন্টে লগ ইন করেন তখন তা যে আপনিই তা যাচাই করার জন্য এটি একটি বৈকল্পিক সুরক্ষা বৈশিষ্ট্য! এটি আপনার অ্যাকাউন্টকে আরও সুরক্ষিত করে। এখানে আরও জানুন।

4 এটা বন্ধুদের মধ্যে রাখুন: আপনার ঘনিষ্ঠ বন্ধুদের সাথে যোগাযোগ রাখার জন্যই Snapchat তৈরি করা হয়েছিল। আমরা আপনাকে পরামর্শ দেব যে আপনি বাস্তব জীবনে চেনেন এমন লোকের সঙ্গেই কেবলমাত্র বন্ধুত্ব করুন বা তাদের কাছ থেকেই বন্ধুত্বের অনুরোধ গ্রহণ করুন। আপনার কিশোর/কিশোরী সন্তানকে মনে করিয়ে দিন যে অনলাইনে পরিচিত হওয়া কোনও ব্যক্তির সাথে দেখা করা নিরাপদ নয়!

5 আপনার গোপনীয়তা সেটিংস পরীক্ষা করুন: কে আপনাকে Snap পাঠাতে পারে, আপনার গল্পগুলি দেখতে বা আপনার সেটিংসে Snap মানচিত্রে আপনার অবস্থান দেখতে পারে তা বেছে নিন। ডিফল্টভাবে, কেবলমাত্র আপনার বন্ধুরা সরাসরি আপনার সঙ্গে যোগাযোগ করতে বা আপনার গল্প দেখতে পারবেন।

ি মানচিত্রে আপনার অবস্থান কাস্টমাইজ করুন: আপনি আপনার সাথে যুক্ত থাকা সমস্ত বন্ধুর সাথে আপনার অবস্থান শেয়ার করা বেছে নিতে পারেন, কেবল নির্বাচিত বন্ধুদের একটি গ্রুপের সাথে, অথবা আপনি গ্রিড থেকে বেরিয়ে যেতে চাইলে এমনকি ভুতুড়ে মোডও চালু করতে পারেন। আপনি যখন অ্যাপ্লিকেশনটি ব্যবহার করছেন তখনই কেবলমাত্র Snap মানচিত্র আপনার অবস্থান আপডেট করে এবং আপনার নির্বাচন করা লোকদের সাথেই কেবল আপনার অবস্থানটি শেয়ার করে!

<mark>7 আমার গল্পটি কে দেখতে পারে তা পরিবর্তন</mark>

কর্মন:ডিফল্ট গোপনীয়তার সেটিংটি হ'ল কেবলমাত্র আপনার যুক্ত করা Snapchatter-রাই আপনার গল্প দেখতে পারবে। আপনি যখন আপনার গল্পটিতে Snap পোস্ট করবেন তখন আপনার গোপনীয়তার সেটিং সেই Snapটির জন্যই লাগু থাকবে, এমনকি আপনি পরে সেটিংটি পরিবর্তন করলেও।

8 Snapchat-এ নির্যাতনের বিষয়ে অভিযোগ

কর্মন: আপনি সবসময়ই হয়রানি, হুমকি, বা সুরক্ষা সংক্রান্ত অন্য কোনও উদ্বেগ সহ Snapchat-এ নির্যাতন সম্বন্ধে অভিযোগ করতে পারেন। যদি কেউ আপনার অস্বস্তির কারণ হয় তাহলে আপনি সেই Snapchatter-কে ব্লকও করতে পারেন এবং যে কোনও গ্রুপ চ্যাট ছেড়ে বেরিয়ে যেতে পারেন। অভিযোগ করতে, একটি Snap বা গল্পের ওপর টিপুন ও ধরে থাকুন এবং "Snap রিপোর্ট করুন" বোতামটি নির্বাচন ট্যাপ করুন।

ত্ব বুকুকে সরানো এবং ব্লক করার মধ্যে পার্থক্যঃ আপনি যখন আপনার বন্ধুদের তালিকা থেকে কাউকে সরিয়ে ফেলেন, তারা আপনার ব্যক্তিগত কোনও গল্প দেখতে পায় না, তবে এরপরেও তারা আপনার কোনও যে কন্টেন্টগুলি সার্বজনীনে সেট করা আছে সেগুলি দেখতে পারবে। আপনার গোপনীয়তা সেটিংসের ওপর নির্ভর করে তারা হয়ত এরপরেও আপনার সঙ্গে চ্যাট করতে বা Snap পাঠাতে পারবে। আপনি যখন কোনও বন্ধুকে ব্লক করেন, তারা আপনার গল্প

দেখতে, আপনাকে Snap বা চ্যাট পাঠাতে পারবে না।





আপনার কথা মাথায় রেখে ভাল থাকার সম্পদ

Snap তার কমিউনিটির সুরক্ষা এবং সুস্বাস্থ্যের প্রতি গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা আমাদের Snapchatterদের নিরাপদ, সুস্থ এবং অবগত রাখতে দল, প্রযুক্তি, নীতি এবং অংশীদারিত্ব নিয়োগ করি।

প্রয়োজনে Snapchatterদের সংস্থান এবং সহায়তা সরবরাহ করার জন্য আমরা শিল্পমহলের বিশেষজ্ঞ এবং বেসরকারী সংস্থাগুলির সাথে কাজ করি। আমাদের সুরক্ষা অংশীদারদের একটি সম্পূর্ণ তালিকার জন্য, আমাদের <u>সুরক্ষা অংশীদারদের</u> পরিদর্শন করুন।

Snapchat আপনার কিশোর-কিশোরী সন্তানটিকে সহায়তা করার জন্য আ্যাপ-এর মধ্যেই রিসোর্স এবং ভাল থাকার উপাদান সরবরাহ করে, সে তাদের মানসিক সমস্যার জন্য সাহায্য বা খালি কথা বলার প্রয়োজন যাই থাকুক না কেন! আমাদের ভাল থাকার উপাদানগুলি Snapchat কমিউনিটির সদস্যদের শিক্ষিত করা এবং ক্ষমতায়নের জন্য ডিজাইন করা হয়েছে যাতে তারা বন্ধুদের পাশে দাঁড়াতে পারে যারা নিজেরাই হয়ত মানসিক স্বাস্থ্য ভাল রাখার জন্য লড়াই করছে!

কাইসিস টেক্সট লাইন: আমরা ক্রাইসিস টেক্সট লাইনের সাথে

অংশীদারিত্ব করি, যা মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসকারী Snapchatারদের একটি লাইভ, প্রশিক্ষিত সংকট পরামর্শদাতার সাথে বিনামূল্যে চ্যাট করার অনুমতি দেয় এবং 24/7 উপলভ্য। শুধু **741741** তে KIND, পাঠান, বা অ্যাপের মধ্যেই ক্রাইসিস টেক্সট লাইন সম্বন্ধে সার্চ করুন! আপনি যদি মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে থাকেন, তাহলে আরও তথ্যের জন্য আমাদের সুরক্ষা সংস্থানগুলিদেখুন।





Headspace Mini: Headspace

এবং Snap Snapchatterদের অ্যাপের
মধ্যেই সরাসরি নির্দেশিত ধ্যান এবং মন ভাল
রাখার অভ্যাসগুলিতে অ্যাক্সেস দেওয়ার
জন্য এক সাথে কাজ করছে। Headspace
মিনির মাধ্যমে, Snapchatterরা বন্ধুদের
সাথে ধ্যানের অনুশীলন করার দক্ষতা আয়ত্ব
করবে এবং যেসব বন্ধুদের প্রয়োজন তাদের
ইতিবাচক মনোভাব কে বাড়িয়ে তোলার
জন্য উৎসাহজনক বার্তা পাঠাবে। দ্রন্থব্য, এই
বৈশিষ্ট্যটি কেবলমাত্র নির্দিষ্ট কয়েকটি দেশেই
উপলভ্য।



Here For You: সার্চের একটি টুল যার মাধ্যমে সংকটাপন্ন অবস্থায় থাকা মানুষ সেই অবস্থার সাথে সম্পর্কিত শব্দগুলি যখন টাইপ করেন তখন অলাভজনক সংস্থার পেশাদারদের সংগৃহীত স্থানীয় রিসোর্স এবং কন্টেন্ট খুঁজে পাওয়া যায়। সার্চের বিষয়গুলির মধ্যে হতাশা, উদ্বেগ, শোক, হুমকি, ইতিবাচক শারীরিক ভাষা, এলজিবিটিকিউ-দের মানসিক স্বাস্থ্য এবং আরও অনেক কিছু অন্তর্ভুক্ত।

অ্যাপ-এ অভিযোগ জানানো: আমাদের অ্যাপ-মধ্যবর্তী অভিযোগ জানানোর টুল Snapchatterদের নাম অপ্রকাশিত রেখে আমাদের সতর্ক করে দেওয়ার সুযোগ দেয় যদি তারা আশঙ্কা করে যে তাদের বন্ধুরা এমন ঝুঁকির মধ্যে রয়েছে যেখানে হয়ত তারা নিজের ক্ষতির করে ফেলতে পারে। আমরা পরিস্থিতি সম্পর্কে Snapকে সতর্ককারী ব্যক্তি এবং অ্যাপ-মধ্যবর্তী সহায়তা প্রাপ্ত ব্যক্তি উভয়কেই 20 টিরও বেশি দেশে ও ভাষায় নিজের ক্ষতি এবং সংকটের জন্য হটলাইন উপলব্ধ রয়েছে এমন একটি সহায়তা সাইট পেজ শেয়ার করি।

2017-তে আমরা আমাদের কমিউনিটির জন্য অ্যাপ-মধ্যবর্তী সংকটকালীন সম্পদ প্রদান করা শুরু করি।এই পদক্ষেপটি Snapchat সহায়তার কাছ থেকে একটি বার্তার মতো করে উপস্থাপিত হয়। আমাদের আইন প্রয়োগকারী অপারেশনস টিম সক্রিয়ভাবে আইন প্রয়োগকারী সংস্থার কাছে যাবেন যদি আমরা সত্যিই বিশ্বাস করি, যে জীবনের ঝুঁকি উপস্থিত হয়েছে।Snapchat কোনও পেশাদার মানসিক স্বাস্থ্য সহায়তার উৎস নয়। কোনও বন্ধু বা প্রিয়জন যদি বিপদে পড়ে থাকেন তবে জরুরি পরিষেবাগুলি যেমন, সুইসাইড প্রতিরোধ হটলাইন, ক্রাইসিস টেক্সটলাইন বা 911 কল করুন।

সেফটি Snapshot Discover চ্যানেল: আপনার কিশোর/কিশোরী সন্তানকে সেফটি Snapশটে সাবস্ক্রাইব করতে উৎসাহিত করুন, যা Snapchatterকে ডিজিটাল সুরক্ষা এবং আপনার Snapchat অ্যাকাউন্টকে সুরক্ষিত রাখার গুরুত্বপূর্ণ উপায়গুলি সম্পর্কে শিক্ষিত করার উপর দৃষ্টি নিবদ্ধ করা একটি Discover প্রদর্শনী! দ্রষ্টব্য, এই চ্যানেলটি কেবলমাত্র নির্বাচিত দেশগুলিতে উপলভ্য।

সংস্থান পেজ: আপনার এবং আপনার কিশোর/কিশোরী সন্তানের জন্য সুরক্ষা অংশীদারদার এবং সংস্থানের সম্পূর্ণ তালিকার জন্য আমাদের <u>সুরক্ষা</u>কেন্দ্রটি দেখুন!





কীভাবে আপনার কিশোর/কিশোরী সন্তানের সাথে কথা বলবেন

কথোপকথন শুরু করার উপাদান

আমরা জানি যে Snapchat ব্যবহার সম্পর্কে আপনার কিশোর/ কিশোরী সন্তানের সাথে কথা বলতে পারা গুরুত্বপূর্ণ। এই কারণেই আমরা MindUP, ক্রাইসিস টেক্সট লাইন এবং Snap পেরেন্টস বিশেষজ্ঞদের সাথে অংশীদার হয়ে কীভাবে আপনি আপনার কিশোর/কিশোরী সন্তানের সঙ্গে Snap, আচরণ সংক্রান্ত উদ্বেগ শনাক্ত করতে পারা এবং কীভাবে অ্যাপের মধ্যে সুস্থ থাকার অনুশীলন করা যেতে পারে তা নিয়ে কথা বলা শুরু করতে পারেন!

অংশ নিন

আপনার নিজের Snapchat অ্যাকাউন্ট তৈরি করা আপনাকে অ্যাপটি বুঝতে এবং আপনার কিশোর/কিশোরী সন্তানের সাথে আরও ভালভাবে সংযোগ স্থাপন করতে সহায়তা করতে পারে।

পেশাদার টিপ: আপনার কিশোর/কিশোরী সন্তান কী এখনও আপনাকে আপনার নতুন Snapchat ব্যবহার সম্পর্কে শিখিয়েছে!



কথোপকথনটি চালানোর জন্য এখানে কিছু মজাদার প্রশ্ন দেওয়া হল:

- তোমার Bitmoji দেখতে কেমন দেখাও তো?
- তুমি কি আমাদের জন্য কোনও পারিবারিক ব্যক্তিগত গল্প বা গ্রুপ চ্যাট তৈরি করতে চাও?
- তুমি কোন ফিল্টারটি সবচেয়ে বেশি ব্যবহার করেন?
- কোন আবিষ্কারের শো টি তোমার প্রিয়? আমি কোনটিপছন্দ করব?
- Snapchat-এর প্রিয় বন্ধু কীভাবে কাজ করে?
- তোমার দীর্ঘতম Snapstreak কে?
- আমি কি একটি Snap সেভ করতে পারি? আমি যদি এটি সেভ করি
 তবে কোথায় যাবে?
- আমি কীভাবে Snap মানচিত্রে ভুতুড়ে মোডে যাব?
- অ্যাপে তোমার প্রিয় ট্যাবটি কী?

- আমি যা পোস্ট করছি তা শুধু আমার বন্ধুরাই দেখছে তা আমি
 কীভাবে নিশ্চিত করতে পারি?
- তোমার প্রিয় Snap গেমটি কী?


একটি উদ্বেগকে স্বীকৃতি দেওয়া:

আপনার কিশোর/কিশোরী সন্তানের কোননো আচরণগুলির প্রতি আপনার লক্ষ্য রাখা উচিত তা জেনে রাখা গুরুত্বপূর্ণ। এই আচরণগুলি ইঙ্গিত করতে পারে যে আপনার কিশোর/কিশোরী সন্তানের অনলাইনে কিছু সমস্যা হচ্ছে এবং হয়ত আপনার, কোন পরামর্শদাতার বা অন্য কোনও প্রাপ্তবয়স্কের কাছ থেকে কিছু অতিরিক্ত সহায়তার প্রয়োজন। আপনি নীচের কোনটি লক্ষ্য করেছেন কি?

- ব্যক্তিত্ব পরিবর্তন (উদ্বেগ, ভয় বা রাগ বেড়ে যাওয়া)
- প্রযুক্তি সম্পর্কে কথোপকথন এড়িয়ে চলা
- তাদের ফোন বা ল্যাপটপ ব্যবহার করা এড়িয়ে চলা
- বন্ধুবান্ধব এবং পরিবার থেকে সরে যাওয়া
- স্কুলের আচরণে পরিবর্তন (নিচু গ্রেড, উপস্থিতি কমে যাওয়া, ক্লাসে ঘুমিয়ে পড়া)
- নিজের ক্ষতি করার মত আইডিয়া



যদি আপনি দেখতে পান, তাহলে আপনার কিশোর/কিশোরী সন্তানের সাথে অবশ্যই কথা বলুন এবং কোনও পেশাদারের কাছ থেকে সহায়তা চাইতে হতে পারে সেই সম্ভাবনার কথা মাথায় রাখুন বা আমাদের Here For You টুলটি দেখুন। যে কোনও জরুরি মুহুর্তের সঙ্কটের জন্য, নিশ্চিত হন যে তারা জানে যে ক্রাইসিস টেক্সট লাইন কে 24/7 KIND কে 741741-এ টেক্সট করে পাওয়া যাবে। আমরা সরাসরি তাদের সাথে অংশীদারিত্ব করি এটা নিশ্চিত করার জন্য যে Snapchat কমিউনিটি তাদের প্রশিক্ষিত পরামর্শদাতাদের কাছ থেকে বিনামূল্যে, গোপন সহায়তা পায়।





<u>থাকার অনুশীলন:</u>

Snapchat-এর ডিজাইন এমনভাবে করা হয়েছে যাতে আপনি যা শেয়ার করতে চান লোকেরা তাই কেবল দেখতে পাবেন, যতক্ষণ আপনি তাদের সঙ্গে শেয়ার করছেন ততক্ষণ। আমরা আমাদের সুরক্ষা-সহ-ডিজাইন দৃষ্টীভঙ্গী ব্যবহার করে নতুন প্রোডাক্ট ও বৈশিষ্ট্য তৈরি করি এবং তারা বা তাদের বন্ধুরা যখন কোন মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সঙ্কটের মধ্যে পড়ে তখন আমাদের কমিউনিটিকে প্রতিরোধমূলক সুস্বাস্থ্য রক্ষার টুল এবং সংস্থান অ্যাক্সেস করতে সহায়তাও করি।

এখানে আপনার কিশোর/কিশোরীদের কিছু গুরুত্বপূর্ণ বিষয় সম্বন্ধে জানানোর কয়েকটি উপায় বলা হল:

- আপনি কি ধ্যান করার জন্য কখনো Headspace ব্যবহার করে দেখেছেন?
 গবেষণায় খুঁজে পাওয়া গেছে ধ্যান, বা মনোজাগতিক সচেতনতার অনুশীলন, চাপ কমাতে পারে এবং ভাল থাকতে সহায়তা করে
- আপনার যদি কারোর Snapchat সম্বন্ধে অভিযোগ করার দরকার
 হয় তবে কীভাবে করবেন তা কি জানেন?
- আপনি কি সুরক্ষার প্রতি নিবেদিত সেফটি Snapshot ডিসকভার
 চ্যানেলটি দেখেছেন?
- আপনি কি Here For You সাবস্ক্রাইব করেছেন? আপনার Snapchat-এর সার্চ বারে "Here For You" সার্চ করে এটি পাওয়া যাবে
- আপনার কি মনে হচ্ছে যে Snapchat-এ কোনও কিছু আপনাকে
 বিরক্ত করলে কারও সাথে কথা বলা গেলে ভাল হয়?
- আপনি কি জানেন যে Snapchat-এ আপনাকে সহায়তা করার জন্য কী কী ধরণের সংস্থান উপলব্ধ?
- আপনি অ্যাপটিতে কতটা সময় ব্যয় করেন?
- অ্যাপটি ব্যবহার করার সময় আপনি কি কখনও বিহ্বল হয়ে পড়েছেন? এমন বোধ হওয়ার পর কী করেন?

H

আমাদের সকলেরই ইতিবাচক মানসিক অভ্যাস যেমন মনোজাগতিক সচেতনতার অনুশীলন করা, কৃতজ্ঞতা প্রকাশ করা এবং ভাল ব্যবহার করার মাধ্যমে নিজেদের জীবনকে আরও বেশি আনন্দমুখর এবং স্বাস্থ্যোজ্জ্বল করে তোলার ক্ষমতা রয়েছে। - মলি স্টুয়ার্ট ললোর, পিএইচডি



The Goldie Hawn Foundation

আপনার কিশোর/কিশোরীর সন্তানের সাথে কথা বলার পরে:

এখন যখন আপনি এবং আপনার কিশোর/কিশোরী সন্তান Snapchat সম্পর্কে কথা বলতে দক্ষ হয়ে উঠেছেন, ভবিষ্যতের জন্য কিছু বিষয়ে একমত হয়ে নেওয়া এবং আপনারা নিয়মিত এই কথোপকথনটি চালিয়ে যাবেন সে বিষয়ে নিশ্চিত হয়ে যাওয়া ভাল! এমনকি সামাজিক মিডিয়া সম্বন্ধে একটি চুক্তি করে নিলেও উভয় পক্ষের গোপনীয়তা এবং বিশ্বাস বজায় রাখতে সহায়তা করতে পারে। এই প্রতিশ্রুতিগুলি, উভয় পক্ষের মধ্যে সহজে আস্থা স্থাপনের জন্য সহায়তা করতে পারে।

আপনার কিশোর/কিশোরীর সাথে স্বাস্থ্যকর যোগাযোগ গড়ে তোলার জন্য এবং তাদের স্বাস্থ্যকর স্ক্রীনিং এবং সোশ্যাল মিডিয়া অভ্যাসগুলির বিকাশের জন্য কিছু কথোপকথন শুরু করার জন্য কথা:

- কথা বলার অভ্যাস তৈরি করুন; পারিবারিক খাবারের মতো কথা
 বলার এবং শোনার জন্য সময় আলাদা করুন
- আপনার কিশোর/কিশোরী সন্তানকে "এ সম্পর্কে তোমার প্রতিক্রিয়া কী?" ধরণের প্রশ্ন করে তাদের কথোপকথনে জড়িত করুন, এবং তাদের ধারণাগুলির প্রতি খোলামন নিয়ে উত্তর দিন।
- মন অন্য দিকে না দিয়ে এবং চোখে চোখ রেখে কীভাবে সত্যিকারের শ্রোতা হতে হয় তা জানুন
- সারাদিনে একটি সময়সীমা ঠিক করুন যখন সবাই সামাজিক
 মিডিয়া বা ফোন থেকে নিজেদের সরিয়ে রাখবেন

 অনলাইনে ঝুঁকি এবং উদ্বেগ সম্পর্কে খোলামেলা আলোচনা করুন, তাদের ব্যবহারিক উদাহরণ দিয়ে বোঝান যে অনলাইনে ঝুঁকির সম্মুখীন হলে, ব্লক বা রিপোর্ট করার মত ব্যবস্থা গ্রহণের মাধ্যমে কীভাবে সেগুলির মোকাবিলা করতে পারে

আপনার কিশোর/কিশোরী সন্তানকে সামাজিক মিডিয়াতে সুরক্ষিত এবং ভাল রাখতে সহায়তা করার জন্য এখানে কয়েকটি মূল নির্দেশ দেওয়া হল:

- আপনার ঘনিষ্ঠ সামাজিক পরিচিতিদের মধ্যেই পোস্টগুলি করার গুরুত্ব - কেবল সত্যি অর্থেই আপনার চেনা এমন লোকের কাছ থেকে বন্ধুত্বের অনুরোধ গ্রহণ করা
- পোস্ট করার আগে সবসময় নিজেকে জিজ্ঞাসা করা: ঠাকুমা হলে কী বলত?
- চুপচাপ না বসে থেকে আপনি যদি অস্বস্তিকর কিছু দেখেন,
 তাহলে সে ব্যাপারে অভিযোগ জানান!
- সবসময় ভাল ব্যবহার করার কমিউনিটির নির্দেশিকা মেনে চলুন



Snapchat শব্দভারার (A-7)

Chat: আপনার সত্যিকারের বন্ধুদের কাছে ভিডিও, ফোন, বা টেক্সট চ্যাট পাঠান।

Discover: Snap অরিজিনাল এবং মূলধারার মিডিয়া সহ সেরা মানের সংবাদ এবং বিনোদন দেখুন।

Snapcode: Snapcode একটি বিশেষ ধরণের ফটো যা আপনি Snapchat দিয়ে স্ক্যান করে বিভিন্ন কাজ, যেমন, নতুন বন্ধু যোগ করতে বা ফিল্টার এবং লেন্স আনলক করতে ব্যবহার করতে পারেন।

Snap মানচিত্র: যা ঘটছে তা দেখুন, আপনার বন্ধুদের খুঁজুন এবং এই ট্যাবটি ব্যবহার করে কোনও অ্যাডভেঞ্চারে যাবার অনুপ্রেরণা পান। ডিফল্টভাবে অবস্থান শেয়ার করা বন্ধ থাকে- আপনি সিদ্ধান্ত নেবেন আপনি নিজের অবস্থান বন্ধুদের সাথে শেয়ার করবেন না, ভুতুড়ে মোডের সাহায্যে নিজের কাছেই রাখতে চান।

Snap স্টার: স্রষ্টা (যেমন প্রভাবশালী ব্যক্তি এবং সেলিব্রিটিরা) যাদের একটা বিরাট শ্রোতৃমন্ডলী রয়েছে তাদের একটি সোনালী তারা থাকবে। আপনি এই স্রষ্টাদের সাবস্ক্রাইব করতে পারেন।

অবস্থান পরিষেবা: Snapchat ফিল্টার, সার্চ, Snap মানচিত্র, বিজ্ঞাপন এবং আরও অনেকগুলি বৈশিষ্ট্যের জন্য আপনার অবস্থান ব্যবহার করে। যদি চালু করা থাকে, আপনার Snapchat খোলার সময় আপনার অবস্থান আপডেট হবে।

আমাদের গল্প: কমিউনিটির বিভিন্ন Snapchatter-এর কাছ থেকে Snapগুলির একটি সংগ্রহ জমা পড়ে। আমাদের গল্পে যে Snapগুলি তুলে ধরা হয় সেগুলি সর্বজনীন সামগ্রী যা Snap মানচিত্র এবং এমনকি প্ল্যাটফর্মের বাইরেও প্রদর্শিত হতে পারে।

আমার গল্প: Snapগুলির একটি সিরিজ যা কালানুক্রমিক ভাবে চলে যা বন্ধুরা 24 ঘন্টা দেখতে পারে। আপনি প্রত্যেকের জন্য, আমার বন্ধুরা বা পছন্দসই লোকের তালিকার সঙ্গে শেয়ার করে নেওয়ার বিকল্পটি নির্বাচন করতে পারেন।

কাস্টম গল্প: আপনার কাস্টম গল্পের জন্য বন্ধুদের বেছে নিন! যে কোনও ব্যক্তি যিনি অংশ নেবেন তিনিই এই গল্পে যোগ করতে এবং অন্য সদস্যদের দেখতে পারবেন।

ক্যামেরা: আপনি যেখানে আপনার বন্ধুদের Snapগুলি পাঠাবেন, সেই ফটো বা ভিডিওগুলি!

গেম এবং Snap মিনিস: Snapchat-এ আপনার বন্ধুদের সাথে আড্ডার জন্য গেম একটি মজাদার উপায়! Snap মিনিস হ'ল রাতে সিনেমা দেখার পরিকল্পনা করা বা ফ্ল্যাশকার্ডের একটি ডেক তৈরির মতো বন্ধুদের সঙ্গে পরিকল্পনা করার জন্য ছোট্ট একটি উপযোগীতা।

দ্রুত যোগ করুন-এ বন্ধুত্বের প্রস্তাবগুলি কয়েকটি কারণের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে, যেমন আপনি ইতিমধ্যে কাদের সাথে বন্ধুত্ব করেছেন এবং কাদের সাবস্ক্রাইব করেছেন।

ফিল্টারগুলি: Snap-এর ডানদিকে সোয়াইপ করুন এবং ফিল্টার অপশনগুলি রঙের প্রভাব যুক্ত করতে, ভেন্যুর তথ্য প্রদর্শন করতে, আপনার Bitmoji-কে বৈশিষ্ট্যযুক্ত করতে, আপনি কী করছেন তা দেখানোর জন্য এবং আরও অনেক কিছুর জন্য উপস্থিত হবে।

ব্যক্তিগত গল্প: ব্যক্তিগত গল্প Snapchatterদের এমন একটি গল্প তৈরি করার সুযোগ দেয় যা কেবলমাত্র নির্বাচিত বন্ধুদের সাথে শেয়ার করা হয়।

ত্তুত্ত্ মৌড: চালু করা থাকলে, আপনার বন্ধুরা Snap মানচিত্রে আপনার অবস্থান দেখতে পাবে না!

মেমোরিজ: একজন Snapchatter-এর Snap এবং গল্পগুলির একটি ব্যক্তিগত সংগ্রহ যা আপনার মেমোরিজে সেভ করা থাকে।

লেন্স: লেন্সের ক্যারোউসেল চালু করতে একটি মুখের উপর ট্যাপ করুন। লেন্সগুলি আপনার Snapগুলিতে 3 ডি এফেক্ট, অবজেক্ট, অক্ষর এবং রূপান্তর যোগ করে। শুধুমাত্র আমার চোখের জন্য: এই বৈশিষ্ট্যটি মেমোরিজে পাওয়া যায় এবং একজন Snapchatterকে মেমোরিতে সেভ করা Snap এবং গল্পগুলি কেবল আমার চোখের জন্য ট্যাবে স্থানান্তরিত করার সুযোগ দেয় - যা দেখার জন্য একটি পাসকোড প্রয়োজন।

সার্চ: সার্চে টাইপ করলে আপনি বিভিন্ন জিনিস দেখতে পারবেন, যাতে আপনার কাছে যেটি সবচেয়ে প্রাসঙ্গিক তা খুঁজে পান; যেমন বন্ধু খুঁজে পাওয়া বা আমাদের Here For You টুলটি পরীক্ষা করা।

সৃজনাত্মক সরঞ্জামসমূহ: একটি Snap তৈরি করার পরে, আপনি তাতে স্টিকার, টেক্সট, ডুডলস এবং আরও অনেক কিছু যোগ করতে পারেন।

স্ট্রিক: সাধারণত চ্যাট স্ক্রিনে আপনার বন্ধুর নামের পাশে একটি 🔥 ইমোজি দিয়ে দেখানো এটা একটা যোগফল যাতে দেখানো হয় (যেমন- একে অপরের সাথে Snap বিনিময়) কত দিন ধরে স্ট্রিকটি স্থায়ী হয়েছে। Snap স্ট্রিক হল মজাদার, হালকা ছলে এটা বোঝার উপায় যে আপনি কার সঙ্গে সবচেয়ে বেশি স্থ্যাপিং করছেন।

স্পটলাইট: একটিমাত্র জায়গায় Snapchat-এর দুনিয়াকে আবিষ্কার করুন এবং এই বিনোদনমূলক প্ল্যাটফর্মে আমাদের বিভিন্ন কমিউনিটির দৃষ্টিভঙ্গীর আস্বাদ নিন।





